“তুমি দুনিয়াতে থাক যেন তুমি একজন প্রবাসী অথবা পথচারী”

’আবদুল্লাহ্ ইবনু ’উমার রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার আমার দু’ কাঁধ ধরে বললেন: “তুমি দুনিয়াতে থাক যেন তুমি একজন প্রবাসী অথবা পথচারী”। আর ইবনু ’উমার বলতেন, তুমি সন্ধ্যায় উপনীত হলে সকালের আর অপেক্ষা করো না এবং সকালে উপনীত হলে সন্ধ্যার আর অপেক্ষা করো না। তোমার সুস্থতার সময় তোমার পীড়িত অবস্থার জন্য প্রস্তুতি লও। আর তোমার জীবিত অবস্থায় তোমার মৃত্যুর জন্য প্রস্তুতি লও। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

ইবনু ওমর রাদিয়াল্লাহু আনহুমা উল্লেখ করেন যে, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম তার কাঁধ - যা বাহু এবং কাঁধের সংযোগস্থল - ধরলেন এবং তাকে বললেন: “তুমি দুনিয়াতে থাক যেন তুমি একজন প্রবাসী ”, যে এমন দেশে এসেছে যেখানে তার কোনো থাকার স্থান নেই এবং তাকে সান্তনা দেওয়ার কোনো নাগরিক নেই; পরিবার, পরিজন ও বন্ধু-বান্ধব কিছু নেই, যা সৃষ্টিকর্তা থেকে বিমূখ থাকার কারণ; বরং তুমি প্রবাসীর চেয়ে কঠোর হও, তা হলে নিজ দেশের অন্বেষণে চলমান পথিক; কারণ প্রবাসী কখনো পরদেশে অবস্থান করেন এবং সেখানে স্থায়ী হন, যা নিজ দেশের অন্বেষণে চলমান পথিক করেন না। তার অবস্থা হল বোঝা হালকা করা এবং নিজ দেশে ফেরার জন্য অধির আগ্রহে অনবরত চলতে থাকা। যেমন একজন ভ্রমণকারী যা তাকে ভ্রমণের গন্তব্যে পৌঁছাবে তার চেয়ে বেশী জিনিসের প্রয়োজন অনুভব করে না, একইভাবে এই দুনিয়ায় মুমিন যা তাকে তার গন্তব্যে পৌঁছাবে তার চেয়ে বেশি কিছুর প্রয়োজন বোধ করে না। ইবনু ওমর এই উপদেশের উপর আমল করেছেন এবং তিনি বলতেন: আপনি যদি সকাল করেন তবে সন্ধ্যার জন্য অপেক্ষা করবেন না এবং যখন আপনি সন্ধ্যা করবেন তখন সকালের জন্য অপেক্ষা করবেন না এবং আপনি নিজেকে কবরবাসীদের মধ্যে গণ্য করুন। কারণ জীবন সুস্থতা ও অসুস্থতা থেকে মুক্ত নয়; সুতরাং, আপনার অসুস্থতা না আসতে আপনার সুস্থতার দিনগুলি তাড়াতাড়ি করুন। অসুস্থতা আপনাকে নেক আমল করতে বাধা দেওয়ার আগেই সুস্থতার সময় সেগুলোর সদ্ব্যবহার করুন এবং এই দুনিয়াতে আপনার জীবনের সদ্ব্যবহার করুন এবং এতে আপনার মৃত্যুর পরে যা আপনার উপকার করবে তা সংগ্রহ করুন।

http://sunnah.global/hadeeth/bn/show/4704